


১০০০
২

মেডিকাল টেকনলজি শিক্ষার প্রসার প্রসঙ্গে সেমিনার

স্বাস্থ্য ও শিক্ষা মন্ত্রণালয়ের সমন্বয় দাবি

যাযাদি রিপোর্ট



সেমিনার

চিকিৎসা বিজ্ঞানকে আধুনিক ও সর্বজনীন করার জন্য কারিগরি শিক্ষায় শিক্ষিত জনবল তৈরি করতে সরকার ব্যর্থ হয়েছে। ফলে অশিক্ষিত, অদক্ষ, প্রশিক্ষণবিহীন জনবল দিয়েই চলছে দেশের অধিকাংশ চিকিৎসা কেন্দ্র, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টারসহ বড় বড় হাসপাতাল। এ অভিমত দিয়েছে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ মেডিকাল টেকনলজি ইন্সটিটিউটস (বামি)। মেডিকাল টেকনলজি শিক্ষার মানোন্নয়নে টেকনলজিস্টদের সার্টিফিকেট দেয়ার ক্ষমতা কারিগরি শিক্ষা বোর্ডকে দেয়ার দাবি জানিয়েছে তারা। এছাড়া তাদের শিক্ষার প্রসারে স্বাস্থ্য ও শিক্ষা মন্ত্রণালয়ের সমন্বয়ের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রণেরও দাবি জানিয়েছেন তারা।

গতকাল ৩৩তমবার সকালে জাতীয় প্রেস ক্লাবে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ মেডিকাল টেকনলজি ইন্সটিটিউটস (বামি) আয়োজিত 'জাতীয় উন্নয়নে স্বাস্থ্য প্রযুক্তি শিক্ষার ভূমিকা, বর্তমান ও ভবিষ্যৎ' শীর্ষক এক সেমিনারে এ দাবি জানানো হয়। এতে প্রধান অতিথি ছিলেন জাতীয় অধ্যাপক এম আর খান। বামি সভাপতি ডা. এম এ হোসেনের সভাপতিত্বে সেমিনারে বক্তব্য রাখেন ডা. মিজা মাজাহরুল ইসলাম, ড. হোসেনে আরা বেগম, গাজী মোহাম্মদ আবদুস সালাম প্রমুখ। সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন এম আকরাম হোসেন। মূল প্রবন্ধে বলা হয়, মেডিকাল টেকনলজির উন্নয়ন না হওয়ায় স্বাধীনতার পর থেকে এ দেশে এখনো পর্যন্ত মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করা সম্ভব হয়নি। দেশে ডাক্তার ও মেডিকাল টেকনলজিস্টের অনুপাত ১ : ৭ হওয়ার কথা থাকলেও সম্পূর্ণ বিপরীত চিত্র রয়েছে। বর্তমানে এ অনুপাত হচ্ছে ৭ : ১। এ হিসাবে দেশে প্রায় ২ লাখ ৯০ হাজার মেডিকাল টেকনলজিস্ট দরকার।

সেমিনারে বক্তারা বলেন, স্টেট মেডিকাল ফ্যাকাল্টি ১৯৬২ সাল থেকে শুধু একটি নোটিফিকেশন জারি করে কয়েকটি প্রতিষ্ঠানের মাধ্যমে মেডিকাল টেকনলজিস্ট তৈরি করে আসছে। যাদের সার্টিফিকেট আন্তর্জাতিক মান বলে স্বীকৃত নয়। তারা বলেন, শিক্ষার আন্তর্জাতিক মান, কম বরচে উন্নত শিক্ষা, উচ্চ শিক্ষার সুযোগ পাওয়ার সহ নানা কারণে মেডিকাল টেকনলজি ইন্সটিটিউটগুলো কারিগরি শিক্ষা বোর্ডের নিয়ন্ত্রণে আনা দরকার। এম আর খান বলেন, দেশে ডাক্তার, নার্স ও টেকনলজিস্টের অভাব রয়েছে। তিনি বলেন, মেডিকাল টেকনলজির ক্ষেত্রে দরকার মানসম্মত শিক্ষা, কোর্স কারিকুলাম ও মূল্যায়ন। তিনি বলেন, চিকিৎসা কেন্দ্রে রোগ নির্ণয়ে টেকনলজিস্টদের ভূমিকা অনেক বেশি। ফলে নির্ভুল পরীক্ষা-নিরীক্ষার জন্য আরো টেকনলজিস্ট দরকার। এছাড়া দেশে-বিদেশে স্বীকৃতি পেতে টেকনলজিস্টদের যথাযথ সার্টিফিকেট দেয়া দরকার।